

## আমদানিকৃত চোখের প্রসাধন সামগ্রী সীসা সমন্বিত বলে দেখা গেছে: কোল, কাজল, সূর্মা এবং টিরো

### কোল, কাজল, সূর্মা এবং টিরো কী?

এগুলি হল এশিয়া, আফ্রিকা এবং মধ্যপ্রাচ্য থেকে আমদানিকৃত চোখের প্রসাধন সামগ্রী। কিছু কিছু সংস্কৃতির মানুষ বিশ্বাস করেন যে এই দ্রব্য সামগ্রীগুলি ওষুধের গুণযুক্ত এবং তাঁদের ঐতিহ্যের অংশ হিসাবে প্রয়োগ করেন। কোল, কাজল, সূর্মা এবং টিরো অতিরিক্ত মাত্রায় সীসা যুক্ত বলে দেখা গেছে।

### সীসা আমাদের শরীরকে কিভাবে ক্ষতিগ্রস্ত করে?

সীসা একটি বিষাক্ত ধাতু যা মস্তিষ্ক, স্নায়ু এবং প্রজনন তন্ত্র, কিডনি এবং শরীরের অন্যান্য অংশের ক্ষতি করতে পারে। শিশুরা এবং গর্ভবতী নারী যারা সীসা যুক্ত দ্রব্য ব্যবহার করেন বিশেষ করে তাঁদের বিপদের সম্ভাবনা বেশী। এই দ্রব্যগুলি ব্যবহারের ফলে সীসার বিষক্রিয়া হতে পারে।

### কোল, কাজল, সূর্মা বা টিরো থেকে সীসা কিভাবে শরীরে প্রবেশ করে?

যখন কোনও ব্যক্তি এই দ্রব্যগুলি ব্যবহার করেন, কোল, কাজল, সূর্মা বা টিরোর কিছুটা হাতে লেগে যেতে পারে। ব্যবহারকারী তারপর মুখে হাত দেওয়ার মাধ্যমে সীসাটি পেটে চলে যেতে পারে। কিছু সীসা চোখের মাধ্যমেও শোষিত হতে পারে।

### কোন ধরণের কোল, কাজল, সূর্মা বা টিরোর মধ্যে সীসা থাকে?

কোল, কাজল, সূর্মা এবং টিরোর বিভিন্ন ধরণের ও প্রস্তুতকারকের হয়ে থাকে। তাদের মধ্যে যে কোনটি সীসায়ুক্ত হতে পারে। কিছু কিছু দ্রব্য যা সীসায়ুক্ত সেগুলি [nyc.gov/hazardousproducts](http://nyc.gov/hazardousproducts) তালিকাবদ্ধ আছে।

### আমার কোল, কাজল, সূর্মা বা টিরোর মধ্যে সীসা আছে কিনা তা আমি কিভাবে বুঝব?

এই দ্রব্যগুলির ব্যবহারকারীদের পক্ষে নিরাপদ এবং বিপজ্জনক ব্র্যান্ডগুলির মধ্যে পার্থক্য বলা কঠিন। একটি দ্রব্য অতিরিক্ত মাত্রায় সীসায়ুক্ত হতে পারে যদিও তার লেবেলের উপাদানগুলির মধ্যে সীসা তালিকাবদ্ধ নেই।

### আমি যদি কোল, কাজল, সূর্মা বা টিরো ব্যবহার করে থাকি তাহলে আমার কী করা উচিত?

- অবিলম্বে এই দ্রব্যগুলি ব্যবহার করা বন্ধ করুন।
- আপনার ডাক্তারকে একটি রক্তের সীসা পরীক্ষা করার কথা বলুন। যদি আপনার কোনও ডাক্তার না থাকে, তাহলে সহায়তার জন্য 311 নম্বরে কল করুন।
- এই দ্রব্যগুলি শিশুদের নাগালের বাইরে রাখুন।
- কোল, কাজল, সূর্মা এবং টিরো তে সীসা সম্বন্ধে আরো তথ্যের জন্য **ফোন করুন 311** বা 212-764-7667। অনুবাদ পরিষেবা উপলব্ধ।

### ইংরাজীতে অতিরিক্ত সম্পদ

- **খাদ্য এবং ঔষধ সংঘ (FDA) সতর্ক বার্তা ([www.fda.gov](http://www.fda.gov)):**
  - [Eye Cosmetic Safety](#) (চোখের প্রসাধনের সুরক্ষা)
  - [Kohl, Kajal, Al-Kahal, or Surma: By Any Name, Beware of Lead Poisoning](#) (কোল, কাজল, আল-কাহাল, বা সূর্মা: যে কোনও নামে, সীসার বিষক্রিয়া থেকে সাবধান)
- **মৃত্যু নিয়ন্ত্রণ কেন্দ্র (CDC) রোগ এবং মৃত্যুহার বিষয়ক সাপ্তাহিক প্রতিবেদন (MMWR) (<http://www.cdc.gov/mmwr>):**
  - [Childhood Lead Exposure Associated with the Use of Kajal, an Eye Cosmetic from Afghanistan — Albuquerque](#) (কাজল ব্যবহারের সাথে সম্পর্কিত শৈশবে সীসার সংস্পর্শ, আলবুকার্ক - আফগানিস্তান থেকে একটি চোখের প্রসাধনী)
  - [Infant Lead Poisoning Associated with Use of Tiro, an Eye Cosmetic from Nigeria](#) (টিরো ব্যবহারের সাথে সম্পর্কিত নবজাতকের সীসা বিষক্রিয়া, নাইজেরিয়া থেকে একটি চোখের প্রসাধনী)